আজিজুস সামাদ ডনের পক্ষ থেকে শান্তিগঞ্জের বন্যার্ত পরিবারে মাঝে ত্রাণ বিতরণ

চেম্বার ডেস্ক:: সুনামগঞ্জ বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য, সুনামগঞ্জ-৩ আসনের সম্ভাব্য সংসদ সদস্য প্রার্থী, প্রয়াত পররাষ্ট্রমন্ত্রী আব্দুস সামাদ আজাদের ছেলে আজিজুস সামাদ আজাদ ডন’র নিজস্ব তহবিল থেকে বন্যায় ক্ষতিগ্রস্তদের পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।
শনিবার শান্তিগঞ্জ উপজেলার পশ্চিম বীরগাঁও ইউনিয়নের টাইলা, দুর্গাপুর, ঠাকুরভোগ, উপতিরপার, লাউগাং কাউয়াজুরিসহ কয়েকটি গ্রামের বন্যায় ক্ষতিগ্রস্তদের ৩শত পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।
গ্রামে গ্রামে গিয়ে ত্রাণ সামগ্রী পৌঁছে দেন আজিজুস সামাদ ডনের নেতাকর্মীরা।
ত্রাণ বিতরণের উপস্থিত ছিলেন- জেলা মুক্তিযোদ্ধা যুব কমান্ডের সভাপতি মো. ওবায়দুর রহমান কুবাদ, আওয়ামী লীগ নেতা সুজাত মিয়া, সিতেন্দ্র কুমার দাস, সুজন মিয়া প্রমুখ।